# ইএসপি আবেদনপত্র

(ঔষধ ব্যবসায়ীদের জন্য)

পাসপোর্ট
সাইজ ছবি
(২টি)

তারিখ

বরাবর,
**ব্যবস্থাপনা পরিচালক,**
আরগন ফার্মাসিউটিক্যালস (আয়ু.),
বাড়ী # ০৪ (৪র্থ তলা), মহাখালী বা/এ, ঢাকা-১২১২।

**বিষয় ঃ আরগন ফার্মাসিউটিক্যালস (আয়ু)-এর চিকিৎসা ও বিক্রয় কেন্দ্র (ইএসপি) অনুমোদন প্রসঙ্গে।**

জনাব,
আমি আরগন ফার্মাসিউটিক্যালস (আয়ু.)-এর মার্কেটিং বিভাগে কর্মরত। প্রতিষ্ঠানের চিকিৎসা ও বিক্রয় কেন্দ্র (ইএসপি) সংশ্লিষ্ট শর্তাবলী অনুযায়ী আমি নিম্নবর্ণিত এলাকায় একটি ইএসপি প্রতিষ্ঠা করতে বিশেষভাবে আগ্রহী। আমি ব্যক্তিগতভাবে প্রতিষ্ঠানের ঔষধ/পণ্য ও ইএসপি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ (পিডিএম) গ্রহণ করেছি। নিম্নে আমার প্রয়োজনীয় তথ্যাবলী আপনার সদয় বিবেচনার জন্য উপস্থাপন করলাম।

পূর্ণ নাম

স্টাফ আইডি **EID**   পদবী   উর্ধ্বতন NSM/ED আইডি

বর্তমান ঠিকানা

পিতার নাম   মাতার নাম

জন্ম তারিখ   জাতীয় পরিচয়পত্র নাম্বার

মোবাইল নাম্বার   ইমেইল আইডি

## আবেদনকৃত ইএসপি'র বিবরণ :

ইএসপি'র পূর্ণ ঠিকানা

ইউনিয়ন/পৌরসভা/এলাকা

**থানা/উপজেলা**

**জেলা**

**শোরুমের আয়তন-**

দৈর্ঘ্য : ফুট

প্রস্থ : ফুট

মোট : বর্গফুট

**অন্যান্য বিষয়-**

- ☐ নিজস্ব দোকান/ফ্ল্যাট
- ☐ ভাড়াটিয়া

- ☐ একক বিনিয়োগকারী
- ☐ যৌথ বিনিয়োগকারী

অতএব, অনুগ্রহপূর্বক আমাকে আমার আবেদনকৃত স্থানে চিকিৎসা ও বিক্রয় কেন্দ্র (ইএসপি) প্রতিষ্ঠার অনুমোদন প্রদানে আপনার মর্জি হয়।
বিনীত নিবেদক,

..................................................

**সংযুক্তি ঃ**
১. সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি (২ কপি)।
২. জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।
৩. পিডিএম ট্রেনিং-এর সার্টিফিকেটের ফটোকপি।
৪. শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি।
৫. ড্রাগ লাইসেন্স ও ট্রেড লাইসেন্স-এর ফটোকপি।

সুস্বাস্থ্য ও সমৃদ্ধ
জীবনের প্রতিশ্রুতি

**For Office Use Only // অফিস কর্তৃক পূরণীয়**

Date of Approval
(অনুমোদনের তারিখ)

ESP ID NO
(ইএসপি আইডি)

আইটি অফিসার   একাউন্টস অফিসার   ম্যানেজার, এ্যাডমিন   জেনারেল ম্যানেজার

http://www.ergonbd.com
Customer Service 01945-333 000
Doctor Helpline 01611 000 333

# ইএসপি নীতিমালা
(ঔষধ ব্যবসায়ীদের জন্য)

**১) এলাকা নির্বাচন ঃ**

ক) দেশব্যাপী ইউনিয়ন ও পৌরসভায় একটি করে, সিটি কর্পোরেশনের আওতাধীন প্রতি ৩ (তিন) বর্গকিলোমিটার এলাকায় একটি করে এবং ঢাকা, নারায়নগঞ্জ ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের আওতাধীন প্রতি ১.৫ (দেড়) বর্গকিলোমিটার এলাকায় একটি করে আরগন চিকিৎসা ও বিক্রয় কেন্দ্র (ইএসপি) অনুমোদন দেয়া হবে।

খ) **ইএসপি এলাকায় ডিলার নিয়োগ :** ইউনিয়ন, পৌরসভা ও সিটি কর্পোরেশন এলাকায় ইএসপি শোরুমের চারপাশে ৩ (তিন) বর্গকিলোমিটার এবং ঢাকা, নারায়নগঞ্জ ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় ইএসপি শোরুমের চারপাশে ১.৫ (দেড়) বর্গ কিলোমিটার পর থেকে প্রতি বর্গকিলোমিটারে বাজার/এলাকা ভিত্তিক ১ (এক) জন করে ডিলার নিয়োগ করা হবে।

**২) ইএসপি'র ধরণ ঃ**

ক) **ইএসপি :** ঔষধ ব্যবসায়ীগণ (যাদের নিজ ফার্মেসীর নামে ট্রেড লাইসেন্স ও ড্রাগ লাইসেন্স আছে) তাদের নিজ ফার্মেসীতে আরগন চিকিৎসা ও বিক্রয় কেন্দ্র (ইএসপি)'র কার্যক্রম পরিচালনার জন্য নির্ধারিত ফরমে আবেদন করতে পারবেন।

খ) **অনলাইন ইএসপি :** ঔষধ ব্যবসায়ে আগ্রহী ব্যক্তি যাদের ফার্মেসী, ট্রেড লাইসেন্স ও ড্রাগ লাইসেন্স নেই তারা তাদের নিজ এলাকায় একটি অনলাইন ভিত্তিক চিকিৎসা ও বিক্রয় কার্যক্রম (ইএসপি) পরিচালনার জন্য নির্ধারিত ফরমে আবেদন করতে পারবেন।

**৩) আবেদন করার পদ্ধতি ঃ**

নির্ধারিত আবেদনপত্রে আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে যা সংযুক্ত করতে হবে-

- সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ কপি রঙ্গিন ছবি।
- জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
- শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি।
- প্রতিষ্ঠানের পিডিএম ট্রেনিং-এর সার্টিফিকেটের ফটোকপি।
- ড্রাগ লাইসেন্স ও ট্রেড লাইসেন্স-এর ফটোকপি (ঔষধ ব্যবসায়ীদের জন্য প্রযোজ্য)।

**৪) বুকিং ও ডেকোরেশন ঃ**

ইএসপি বুকিংয়ের জন্য বাণিজ্যিক মূল্যে (টিপি) এককালীন নগদ ৩,০০,০০০ (তিন লক্ষ) টাকার ঔষধ/পণ্য ক্রয় করতে হবে। এক্ষেত্রে এককালীন নগদ ১,০০,০০০ (এক লক্ষ) টাকার ঔষধ/পণ্য ক্রয় করার পর পরবর্তী ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে অবশিষ্ট ২,০০,০০০ (দুই লক্ষ) টাকার ঔষধ/পণ্য ক্রয় করা যাবে।

**৫) অনলাইন ইএসপি ডেকোরেশন :** আবেদনের ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে কমলা রংয়ের বোর্ড দ্বারা ঔষধ/পণ্যের সেলফ ও অন্যান্য আসবাবপত্র তৈরী করতে হবে। ভেতরের দেয়াল, ডাক্তার চেম্বার, রোগীদের বসার জায়গা ইত্যাদি কমলা রং দ্বারা সাজ-সজ্জিত করতে হবে। কাঠ দ্বারা তৈরী ঔষধ/পণ্যের সেলফ-এ কমলা রং ব্যবহার করতে হবে। কমলা রংয়ের পরিবর্তে অন্য কোন রং ব্যবহার করা অথবা থাই-এলুমিনিয়াম দ্বারা তৈরী করা ফার্নিচার গ্রহণযোগ্য হবে না।

**৬) মাসিক বিক্রয় লক্ষ্যমাত্রা ও নির্ধারিত কমিশন ঃ**

ক) মাসিক বাণিজ্যিক মূল্যে (টিপি) ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার উর্ধ্বে বিক্রয়ের উপর ৭% (সাত শতাংশ) হারে এবং ৫,০০০ (পাঁচ হাজার) টাকা হতে ৪৯,৯৯৯/- (উনপঞ্চাশ হাজার নয়শত নিরানব্বই) টাকা পর্যন্ত বিক্রয়ের উপর ৫% (পাঁচ শতাংশ) হারে ইএসপি কমিশন প্রযোজ্য হবে।

খ) মাসিক ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার অধিক বিক্রয়কারী ইএসপি সংশ্লিষ্ট এলাকার ডিলারদের বিক্রয়ের উপর ২% (দুই শতাংশ) হারে ইনসেন্টিভ পাবেন।

**৭) ঔষধ/পণ্য পরিবহণ ও সরবরাহ ঃ**

বাণিজ্যিক মূল্যে ১০,০০০/- (দশ হাজার) টাকার অধিক ক্রয়কৃত ঔষধ/পণ্য ইএসপি/ডিলার প্রদত্ত পরিবহণ প্রতিষ্ঠানের আঞ্চলিক ঠিকানায় প্রতিষ্ঠানের খরচে পৌঁছে দেয়া হবে। ১০,০০০/- (দশ হাজার) টাকার কম হলে পরিবহণ খরচ সংশ্লিষ্ট ইএসপি/ডিলারকে বহণ করতে হবে।

**৮) মেডিক্যাল অফিসার প্রদান ঃ**

সকল ইএসপিতে বাণিজ্যিক মূল্যে (টিপি) প্রতি ১০,০০০/- (দশ হাজার) টাকার ঔষধ/পণ্য ক্রয়ের বিপরীতে আধাবেলা (৩ ঘন্টা) হিসাবে সপ্তাহে একবার এবং প্রতি ২০,০০০/- (বিশ হাজার) টাকার ঔষধ/পণ্য ক্রয়ের বিপরীতে একদিন (৮ ঘন্টা) হিসাবে সপ্তাহে একবার মেডিক্যাল অফিসার প্রদান করা হবে।

**৯) অনলাইন ইএসপির ট্রেড লাইসেন্স ও ড্রাগ লাইসেন্স ঃ**

**ক) ট্রেড লাইসেন্স :** ইএসপি আবেদনের তারিখ হতে পরবর্তী ৩ (তিন) মাসের মধ্যে প্রতিষ্ঠানের নির্ধারিত ডিজাইনে ডেকোরেশন ও **৩,০০,০০০/- (তিন লক্ষ)** টাকার ঔষধ/পণ্য ক্রয় নিশ্চিত করে প্রতিষ্ঠানের নির্ধারিত নিয়মে **ট্রেড লাইসেন্স**-এর জন্য আবেদন করতে হবে। আবেদনপত্রের সহিত যা সংযুক্ত করতে হবে-

- ৩০০/- (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্প-এ আরগন ফার্মাসিউটিক্যালস (আয়ু)-এর পক্ষে করা বাড়ী/দোকান ভাড়ার চুক্তিপত্রের মূলকপি ও ২ (দুই) সেট ফটোকপি।
- ইএসপি শোরুমের ফার্মেসী, ডাক্তার চেম্বার, রোগী বসার জায়গা এবং শোরুমের বহিরাংশের সদ্য তোলা ২ সেট করে এ-ফোর সাইজের ছবি।

**খ) ড্রাগ লাইসেন্স :** নূন্যতম **৬,০০,০০০/- (ছয় লক্ষ)** টাকার ঔষধ/পণ্য ক্রয় নিশ্চিত হলে অনলাইন ইএসপি'র **ড্রাগ লাইসেন্স**-এর কার্যক্রম শুরু করা হবে।

**১০) অনলাইন ইনভয়েস কার্যক্রম চালু করা ঃ**

সকল ইএসপি থেকে ডিলার ও কাষ্টমারদের নিকট বিক্রয়কৃত ঔষধ/পণ্যের ইনভয়েস প্রদান করা বাধ্যতামূলক। এক্ষেত্রে অনলাইন ইএসপি'র কার্যক্রম শুরুর ৩ (তিন) মাসের মধ্যে বাধ্যতামূলক অনলাইন ইনভয়েস সিস্টেম চালু করতে হবে।

**১১) ঔষধ/পণ্য বিষয়ক প্রশিক্ষণ (পিডিএম)-এ অংশগ্রহণ ঃ**

সকল ইএসপি/ডিলার পরিচালনাকারীদের বাধ্যতামূলক প্রতিষ্ঠানের ঔষধ/পণ্য ও বিক্রয় ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ (পিডিএম)-এ অংশগ্রহণ করতে হবে। ঔষধ/পণ্য বিষয়ে ভুল তথ্যপ্রদানকারী ইএসপি/ডিলারের ব্যবসায়িক কার্যক্রম স্থগিত করা হবে।

**বিবিধ ঃ**

১) একই এলাকায় একাধিক ইএসপি/ডিলার বুকিং করা হলে প্রথম আবেদনকারীকে প্রাধান্য দেয়া হবে এবং পরবর্তী আবেদনকারীদের নীতিমালা অনুযায়ী নির্দিষ্ট দূরত্বে সরে যেতে হবে। এক্ষেত্রে প্রথম আবেদনকারীর ব্যর্থতায় পরবর্তী আবেদনকারীগণ প্রাধান্য পাবেন।

২) যেকোন ইএসপি প্রতি ০৩ (তিন) মাসে গড়ে ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা এবং ডিলারগণ গড়ে ১০,০০০ (দশ হাজার) টাকা বিক্রয়ে ব্যর্থ হলে নিয়োগ অনুমোদন বাতিল হিসাবে গণ্য হবে।

৩) অনলাইন ইএসপি আবেদনকারীগণ শোরুম প্রতিষ্ঠা না করা পর্যন্ত কোন প্রকার বিক্রয় ও প্রচার কার্যক্রম করতে পারবেন না। অসম্পন্ন ইএসপিতে মেডিক্যাল অফিসার, ট্রেড লাইসেন্স ও ড্রাগ লাইসেন্স প্রদান করা হবে না।

৪) ইএসপিগণ ডিলারগণের নিকট প্রতিষ্ঠান নির্ধারিত বাণিজ্যিক মূল্যে (টিপি) এবং কাস্টমারের নিকট নির্ধারিত খুচরা মূল্যে ঔষধ/পণ্য বিক্রয় করতে বাধ্য থাকবেন। নির্ধারিত মূল্যের কম বা বেশি মূল্যে ঔষধ/পণ্য ক্রয়-বিক্রয় করলে উক্ত ইএসপির নিয়োগ অনুমোদন বাতিল হিসাবে গণ্য হবে।

৫) অনলাইন ইএসপি'র প্রয়োজনীয় লাইসেন্স প্রতিষ্ঠানের দায়িত্বে ও খরচে সম্পন্ন করা হবে।

৬) অনলাইন ইএসপিতে কেবলমাত্র আরগন ফার্মাসিউটিক্যালস (আয়ু)-এর উৎপাদিত ও বাজারজাতকৃত ঔষধ/পণ্য বিক্রয় ও প্রদর্শন করতে হবে। অনলাইন ইএসপিতে অন্য যেকোন কোম্পানীর উৎপাদিত, বাজারজাতকৃত অথবা আমদানীকৃত ঔষধ/পণ্য বিক্রয়/প্রদর্শণ সম্পূর্ণ নিষিদ্ধ এবং রাষ্ট্রিয় আইনে দন্ডনীয় অপরাধ।

৭) যেকোন ইএসপি/ডিলারের রেজিস্টার্ড ঠিকানার বাইরে কোন অবস্থাতেই ঔষধ/পণ্য সরবরাহ করা হবে না।

৮) ইএসপিতে আগত রোগীর নিকট হতে ডাক্তার ভিজিট গ্রহণ করার ক্ষেত্রে মেডিক্যাল বিভাগের মাধ্যমে কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করতে হবে।

## Undertaking (অঙ্গীকার)

উপরোক্ত **'আরগন চিকিৎসা ও বিক্রয় কেন্দ্র (ইএসপি)'** সংশ্লিষ্ট নীতিমালা আমি নিজে পড়ে, বুঝে স্বেচ্ছায় মেনে নিয়ে অত্র ইএসপি আবেদনপত্রে স্বাক্ষর করছি। আমি আরো অঙ্গীকার প্রদান করছি যে, ভবিষ্যতে প্রতিষ্ঠানের স্বার্থে উপরোক্ত নীতিমালার যেকোন পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধন আমি বিনা শর্তে মেনে নিতে বাধ্য থাকব।

.............................................
(আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ)

**উর্ধ্বতন কর্মকর্তার নাম :** ..........................................................................

মোবাইল নাম্বার ☐☐☐☐☐-☐☐☐☐☐☐

স্টাফ আইডি নং ☐☐☐☐☐☐☐

পজিশন (পদবী) ☐ NSM ☐ ED

.............................................
(উর্ধ্বতন কর্মকর্তার স্বাক্ষর ও তারিখ)